

পাবলিক বিশ্ববিদ্যালয়
প্রথম নারী উপাচার্য
ফারজানা ইসলাম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি



দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়-গুলোর মধ্যে প্রথম নারী উপাচার্য হিসেবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ফারজানা ইসলাম দায়িত্ব নিয়েছেন

ফারজানা ইসলাম। তিনি বিশ্ববিদ্যালয়ের কৃষিক্ষেত্র বিভাগের শিক্ষক। নির্বাচিত উপাচার্য প্যানেল থেকে তাঁকে নিয়োগ দেওয়া হয়।

রাষ্ট্রপতি ও আচার্যের অনুমোদনে গতকাল রোববার এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করে শিক্ষা মন্ত্রণালয়। এ ছাড়া সহ-উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন পাণ্ডিতিক ও পদার্থবিষয়ক অনুষদের ডিন মো. আবুল হোসেন।

গতকাল বিকেল চারটায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কাউন্সিল কক্ষে ভারপ্রাপ্ত উপাচার্য এম এ মতিনের কাছ থেকে ফারজানা ইসলাম দায়িত্ব বুঝে নেন। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সহ-উপাচার্য (প্রশাসন) আফসার আহমদ, কোষাধ্যক্ষ আবুল খায়েরসহ প্রশাসনের কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীরা।

নতুন উপাচার্য ফারজানা ইসলাম প্রথম আলোকে বলেন, 'প্রথম নারী উপাচার্য হিসেবে সবাইকে সঙ্গে নিয়ে বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নেওয়ার চেষ্টা করব।'

উপাচার্য ও সহ-উপাচার্যকে চার বছরের জন্য নিয়োগ দেওয়া হয়েছে।

গত ২২ জানুয়ারি রাষ্ট্রপতি ও আচার্য আবদুল হামিদ উপাচার্য আনোয়ার হোসেনের পদত্যাগপত্র গ্রহণ করে বিশ্ববিদ্যালয়ের জ্যেষ্ঠ সহ-উপাচার্য এম এ মতিনকে ভারপ্রাপ্ত উপাচার্যের দায়িত্ব দেন।

এরপর রাষ্ট্রপতির নির্দেশনা অনুযায়ী গত ২০ ফেব্রুয়ারি সিনেটের বিশেষ অধিবেশনে উপাচার্য প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হয়। সেখানে ফারজানা ইসলাম প্রথম এবং মো. আবুল হোসেন দ্বিতীয় হন।